

## সাকিন : হোটেল ফুটপাত

গাছের আড়াল  
এইখানে বসি ?

এই ফুটপাতে  
দুই দিকে দুটো  
তকতা লাগানো  
সস্তা টেবিল  
প্লাসটিক ফুল

কী কী আছে বল  
ডাল আলুভাজা  
আর তরকারি  
হাত পাখা নিয়ে  
এইখানে বসি ?

ভালবাসা মাখা  
পাতার ওপর  
নুন আর লেবু  
গরম ভাতের  
ওই ধোঁয়া ধোঁয়া  
তা হলেই হবে—  
বাতিল করব  
তাজ হোটেলের  
শীতাতপ ঘর

## নীলমণি টুডু

জঙ্গলের ভিতরের দিকে শ্বাসরুদ্ধ করেছিল কারা  
চারদিকে ছন্নছাড়া চাঁদের পাহারা

নীলমণি টুডু গান গেয়েছিল প্রতি বুধবার বেতারে  
কী ছিল সে গান – কেমন সে গান ছিল ?

তার-ই কাটা হাত পড়েছিল ভোরে বড় রাস্তার ওপারে  
কারা কেটেছিল জানা যায়নি তা কেটেছিল শুধু চপারে

নীলমণি টুডু গান গেয়েছিল প্রতি বুধবার বেতারে  
কী ছিল সে গান – কেমন সে গান ছিল ?

চাপা কোলাহল শূনেছিল কেউ কিছু ছিল চাপা কথা  
কিছু শূনেছিল ভেসে যাওয়া চাঁদ কিছু ছিল নীরবতা

শ্বাসরোধ করা রিরংসা কিছু যা ঘটেছে মাঝরাতে  
শাঁখা-পলা আর পেতলের চুড়ি পরা ছিল তার হাতে

নীলমণি টুডু গান গেয়েছিল প্রতি বুধবার বেতারে  
কী ছিল সে গান – কেমন সে গান ছিল ?

কাটা হাতটির ছবি ছাপা হল প্রথম পাতার ওপরে  
শহরের লোক সকালে দেখেছে ভুলে গেছে তারা দুপুরে

নীলমণি টুডু গান গেয়েছিল প্রতি বুধবার বেতারে  
কী ছিল সে গান – কেমন সে গান ছিল ?

হত্যার পরে ভোরবেলা তা কি বেজেছিল শুধু সেতারে...

## বৃষ্টির পার্কে আজ

আজ খুব বৃষ্টির দিন  
যারা রোজ এখানে আসে  
তারা কেউ আজ আসেনি

কোনোদিন আসে না যারা - সে রকম  
এসেছে দু'জন। ছেলোটর একুশ-বাইশ  
মেয়েটির উনিশ হল ?

ঝোড়া-হাওয়া ভীষণ দাপট - যদিও বৃষ্টি ধারা  
আকাশে বাজ পড়ছে  
দূরে ওই মেঘ - গর্জন  
এভাবে আসে নাকি কেউ - ওরা গেল  
শেডের নীচে।

যারা রোজ এখানে আসে  
—তারা কেউ এখানে আসেনি  
কোনোদিন আসেনি যারা  
সেরকম এসেছে দু'জন  
ছেলোটর একুশ - বাইশ - মেয়েটির উনিশ হল ?  
দূরে ওই স্টোভ জ্বলছে  
ছোটো এক চায়ের দোকান  
ওখানেও ক'জন মাত্র।  
এখানে শেডের নীচে - ছেলোটর একুশ-বাইশ  
কথা সব হারিয়ে গেল  
—মেয়েটির শীত করছে...

## আজ আকাশ

আজ আকাশ মেঘলা ছিল  
তুমি ওই মেঘের আড়াল  
তুমি ঠিক কেমন ছিলে

আকাশে রোদ ছিল না  
এ আসা কেমন ছিল  
সারাদিন মেঘলা ছিল  
তুমি কি লিখবে চিঠি ?  
তুমি ঠিক কীসের মতো ?

কবে যে বুঝব আমি ?  
আকাশে রোদ উঠলে

টিপ টিপ বৃষ্টি ছিল

টিপ টিপ বৃষ্টি ছিল  
তোমাকে বলার ছিল  
আমি তার কি-ই বা জানি

টিপ টিপ বৃষ্টি ছিল  
সে কথা বলবো কাকে ?  
সারারাত উড়ছিল মেঘ  
তুমি কি ওদের মতো ?  
তুমি ঠিক কাদের মতো ?

কবে যে বলব তোমায় ?  
নাকি খুব কুয়াসা হলে ?

আজ আকাশ মেঘলা ছিল

দীপক রায়